# বারিধারা ডিওএইচএস পরিষদ

## ঢাকা সেনানিবাস

### ৮৪তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১২ নভেম্বর ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০১ ঃ*** গত ১৩ অক্টোবর ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৮৩তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য মেজর আশরাফ কামাল (অবঃ) প্রস্তাব করেন এবং ডাঃ পারভীন হক চৌধুরী তা সমর্থন করেন। | সভাপতি<br>সেক্রেটারী |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ ঃ*** কনভেনশন সেন্টারের সেবাপ্রদানকারী সংস্থার চুক্তির মেয়াদ শেষ হওয়ায় নতুন চুক্তির বিষয়ে আলোচনা করা হয়। আপাততঃ নতুন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত নিয়োগকৃত সেবাপ্রদানকারী সংস্থাই তাদের দায়িত্ব পালন করবেন। পরবর্তী নির্বাচিত কমিটি কর্তৃক নিউজ পেপার ও নোটিশ বোর্ডে টেন্ডারের মাধ্যমে দরপত্রের আহবান করা হবে এবং প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দরদাতার সঙ্গে চুক্তি সম্পাদন করা হবে। নিম্নোক্তভাবে টেন্ডার কমিটি গঠন করা হলো ঃ<br><br>সভাপতি ঃ গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ)<br>সদস্য ঃ ১। ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ)<br>২। মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) | সভাপতি<br>সেক্রেটারী |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ*** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের বর্তমান ত্রুটিপূর্ণ আলোকসজ্জা পদ্ধতি সংশোধনের বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় বর্তমান আলোকসজ্জা আরও উন্নত করন এবং বর্তমান আলোকসজ্জা ঠিকাদারের সাথে ২ বৎসরের জন্য চুক্তি করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ব্যবহারকারীরা যারা ক্যাটাগরী ক,খ ও গ এর অন্তর্ভূক্ত তারা ১০,০০০.০০ টাকা ডিওএইচএস পরিষদকে প্রদান করবে যার ৫০ ভাগ ঠিকাদার পাবে। যারা ক্যাটাগরী ঘ ১২,৫০০.০০ এবং যারা ঙ এর অন্তর্ভূক্ত তারা ১৫,০০০.০০ টাকা পরিষদকে প্রদান করবে এবং উক্ত অর্থের ৫০ ভাগ ঠিকাদার প্রাপ্য হবে। উক্ত চুক্তি ১৬ ডিসেম্বর ২০১৪ হতে ১৫ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বলবৎ থাকবে। তবে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে নবায়ণের সুযোগ থাকবে। | কনভেনশন<br>সেন্টার সাব-<br>কমিটি |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ*** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার ফান্ড হিসাব নীতিমালা নিয়ে আলোচনা করা হয় এবং সভার সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। | কনভেনশন<br>সেন্টার সাব-<br>কমিটি |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদের অডিট Observations and Suggestions এর ব্যাপারে আলোচনা হয়। একটি কপি নির্বাহী পর্ষদের সকলের অবগতির জন্য অফিসে রাখতে হবে। | সভাপতি,<br>সেক্রেটারী,<br>ট্রেজারার |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ*** বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টারে ভর্তি ফি, মাসিক ফি এবং ব্যায়াম করার সময় নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। বারিধারা ডিওএইচএস এর সম্মানিত সদস্যগন এবং তাদের spouse, ছেলে-মেয়ে ও তাদের spouse এর জন্য ভর্তি ফি ১,০০০.০০ টাকা ও মাসিক ফি ৩০০.০০ টাকা এবং ভাড়াটিয়ার জন্য ভর্তি ফি ৩,০০০.০০ টাকা ও মাসিক ফি ৫০০.০০ টাকা নির্ধারণ করা হয়েছে। সকাল ০৬০০ হতে সকাল ১০০০ ঘটিকা, বিকাল ১৬০০ হতে রাত ২২০০ ঘটিকা পর্যন্ত পুরুষ সদস্যগন এবং সকাল ০৭০০ হতে সকাল ১১০০ ঘটিকা, বিকাল ১৬০০ হতে ২১০০ ঘটিকা পর্যন্ত মহিলা সদস্যগনের ব্যায়াম করার সময় নির্ধারণ করা হয়। এছাড়াও সরকারী সকল ছুটির দিনে ফিটনেস সেন্টার বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ফিটনেস সেন্টারের নীতিমালা আংশিক সংশোধন পূর্বক সভায় অনুমোদিত হয়। | ফিটনেস<br>সেন্টার সাব-<br>কমিটি |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও* ... ভেনশন সেন্টার হতে কঞ্জারভেন্সী চার্জ পরিশোধের ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রেরিত ... উপর আলোচনা করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ড হোল্ডিং চার্জের উপরে কি সিদ্ধান্ত গ্রহণ করে সে পর্যন্ত উক্ত আদেশ কার্যকর সাময়িকের জন্য স্থগিত রাখা হয়। | সভাপতি<br>সেক্রেটা |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৮ ঃ* ফিটনেস সেন্টারের সদস্যদের ব্যবহারের জন্য ২টি Commercial Crosstina, Free hand exercise এর জন্য কিছু exercise items এবং ২টি টেবিল টেনিস কোর্ট ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | ফিটনেস<br>সেন্টার স<br>কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৯ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকার সম্মানিত সদস্যগন ও ভাড়াটিয়াদের স্টীকার ব্যবহারের বিষয়টি নিয়ে আলোচনা হয়। ২০১৫ সাল হতে অত্র এলাকার সদস্যগনের জন্য ২ (দুই) বছর মেয়াদী স্টীকার প্রদান করা হবে এবং ভাড়াটিয়াদের পূর্বের ন্যায় প্রতি বছর পরিষদ অফিস হতে স্টীকার সংগ্রহ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ২ বৎসর হলেও মূল্য ১.৫ গুন হবে। | মেম্বার সি<br>এন্ড এ্যা |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১০ ঃ* ভাইস প্রেসিডেন্ট ও গেমস, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটির কনভেনার কর্ণেল এস এম ফয়সাল (অবঃ) ব্যাডমিন্টন কোর্টের আবেদনপত্র এবং সকলের মধ্যে সুষ্ঠু ও সুন্দরভাবে বন্টনের বিষয়টি উপস্থিত সকলকে অবহিত করলে সভার সকলে তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | কনভেনা<br>গেমস,<br>স্পোর্টস<br>কালচারা<br>সাব-কমি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১১ ঃ* কনভেনশন সেন্টারের হল ২টি আরও আকর্ষনীয় করার জন্য অনুষ্ঠানের সময় Music বাজানোর জন্য দুই হলে ৪টি স্পীকারসহ Full Setting করা হয়েছে। উক্ত স্পীকার ব্যবহারের বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। গ্রাহক যদি Music system ব্যবহার করতে চান তাহলে প্রতি অনুষ্ঠানের জন্য কনভেনশন সেন্টারের নীতিমালা অনুচ্ছেদ ক হতে গ পর্যন্ত ১,০০০.০০ টাকা, অনুচ্ছেদ ঘ ১,৫০০.০০ টাকা, অনুচ্ছেদ ঙ ২,০০০.০০ টাকা ডিওএইচএস পরিষদকে পরিশোধ করতে হবে। এ আদেশ ১৩ নভেম্বর ২০১৪ তারিখ হতে কার্যকর হবে। নূতন চুক্তির সময় এ নিয়ম পরিবর্তন হতে পারে। | কনভেনশ<br>সেন্টার স<br>কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১২ ঃ* Swiss Contact এর ব্যবস্থাপনায় বারিধারা ডিওএইচএস এলাকার পরিবেশ দূষনমুক্ত ও স্বাস্থ্যসম্মত রাখার জন্য প্রতিটি বাড়ীতে ঢাকনাযুক্ত বালতি প্রদানের ব্যবস্থা হচ্ছে এবং অত্র পরিষদের অনুমতি সাপেক্ষে তাদের সার্ভে কার্যক্রমের সময় বাড়ীর মালিকগন Swiss Contact এর system বাস্তবায়নে সহযোগিতা প্রদান করেছেন মর্মে সেক্রেটারী সকল সদস্যকে অবহিত করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৩ ঃ* বারিধারা ডিওএইচএস পুকুরের চারপাশে আলো সল্পতার কারণে অত্র এলাকার বাসিন্দাদের হাটা-চলায় অসুবিধার সৃষ্টি হয়। হাটা-চলার সুবিধার্থে ও সৌন্দর্যবৃদ্ধির জন্য পুকুর পাড়ের চারপাশে Garden Light স্থাপনের সিদ্ধান্ত ৮৩তম সভায় অনুমোদিত হয় যা কার্যকর করার ব্যাপারে আলোচনা হয় এবং যথাশীঘ্র সম্ভব পুকুর পাড়ের চারপাশে Garden Light স্থাপন ও Music system চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। পুকুর পাড়কে ভাঙ্গন থেকে রক্ষা করার জন্য পুকুরের চারপাশে Phase-wise retaining wall করার বিষয়টি পরীক্ষা নিরিক্ষার মাধ্যমে পরবর্তী নির্বাচিত কমিটি কর্তৃক সম্পন্ন করা হবে। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৪ ঃ* বারিধারা ডিওএইচএস এর পুরাতন বাস্কেট বল গ্রাউন্ডটি ভেঙ্গে নতুনভাবে বাস্কেট বল গ্রাউন্ড তৈরী করার ব্যাপারে আলোচনা হয় এবং সভার সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। নিম্নরূপভাবে বাস্কেট বল গ্রাউন্ড নির্মাণ কমিটি গঠিত হয় ঃ<br><br>সভাপতি ঃ কর্ণেল এস এম ফয়সাল (অবঃ)<br>সদস্য ঃ ১। এয়ার কমডোর মোহাম্মদ মুরাদ হোসেন, এনডিসি, এসিএসসি, পিএসসি (অবঃ)<br>২। ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) | কনভেনা<br>গেমস,<br>স্পোর্টস<br>কালচারা<br>সাব-কমি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৫ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকার যে সকল নাগরিক ফিটনেস সেন্টারে Membership হতে আগ্রহী নয় তাদের জন্য ফিটনেস সেন্টারের পশ্চিম পাশে যে Free hand exercise এর ব্যবস্থা করা হয়েছে তার চারপাশের দেয়ালটি নিচু হওয়ায় আগত বাসিন্দাদের বসতে অসুবিধার সৃষ্টি হয় ফলে দেয়ালটি আরও ১ ফুট উচু সহ বর্ধিত করার সিদ্ধান্ত সভার সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি<br>সেক্রেটারী |

| | |
|---|---|
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৬ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় বিভিন্ন গুরুত্বপূর্ণ সংবাদ ঘোষনা দেয়ার জন্য পরিষদের যে হর্ণ ও মাইক রয়েছে তা অত্যন্ত দূর্বল হওয়ায় একটি ভাল মানের হর্ণ ও মাইক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৭ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি

তারিখ ঃ ২৪ নভেম্বর ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

তারিখ ঃ ২৪ নভেম্বর ২০১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য